DEC. 10 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ......
পৃষ্ঠা ১৬ কলাম ৩......



গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথমবর্ষে ভর্তি ফরম জমা দেয়ার জন্য ছাত্র-ছাত্রীদের দীর্ঘ লাইন —মীর মহিউদ্দিন সোহান

# ঢাকা ভার্সিটিতে ৬০ হাজার ছাত্র-ছাত্রীর ভর্তিযুদ্ধ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার আশায় এবার ভর্তিযুদ্ধে নেমেছে ৬০ হাজার ছাত্র-ছাত্রী। আগামী বুধবার ২০০০-২০০১ শিক্ষাবর্ষের অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদনপত্র বিক্রয় ও জমাদানের শেষ দিন। ৪ হাজার ২৬০ টি আসনের বিপরীতে ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে ৬০ হাজারের অধিক ছাত্র-ছাত্রী। ভর্তি ফরম বিক্রি করে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আয় করছে দেড় কোটি টাকারও বেশী। আগামী ১১ জানুয়ারী থেকে ভর্তি পরীক্ষা শুরু হবে। গত ২৫ নভেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ের ৩টি ব্যাংকের মাধ্যমে ভর্তি ফরম বিক্রি শুরু হয়েছিল। গতকাল পর্যন্ত ৪ ইউনিট মিলে

(১৫শ পৃষ্ঠায় ৪-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটিতে

(শেষ পৃষ্ঠার পর)

৫৭ হাজার ১০৯টি ভর্তি ফরম বিক্রি হয়েছে। আগামী ২ দিনে আরো ৪ হাজার ভর্তি ফরম বিক্রি হবে বলে ডীন অফিস সূত্র জানিয়েছে।

বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের 'ক' ইউনিটের ১ হাজার ১৬৪টি আসনের বিপরীতে গতকাল পর্যন্ত ভর্তি ফরম বিক্রি হয়েছে ১৬ হাজার ৭০টি, কলা অনুষদের 'খ' ইউনিটের ১ হাজার ৯৩৪টি আসনের বিপরীতে ১২ হাজার ৬৫৯টি, বাণিজ্য অনুষদের 'গ' ইউনিটের ৬৪৪টি আসনের জন্য ১ হাজার ৩৯১টি এবং সামাজিক বিজ্ঞান অনুষদের 'ঘ' ইউনিটের ৫১৩টি আসনের বিপরীতে ১৫ হাজার ১৭৮টি। প্রতিটি আবেদনপত্র আড়াইশত টাকা। ঢাকা বিশ্ববিদ্যালয়ে এ বছর ৫০টি আসন বৃদ্ধি করা হয়েছে। কম্পিউটার বিজ্ঞান বিভাগে ৪০টি আসন, অণুজীববিজ্ঞান বিভাগে ৫টি এবং পালি ও সংস্কৃতিতে ৫টি আসন বৃদ্ধি হয়েছে। সকল ইউনিটের ভর্তি পরীক্ষা হবে ১০০ নম্বরের মধ্যে এবং এমসিকিউ (মাল্টিপোল চয়েস কোশ্চেন্স) ভিত্তিতে।

খোঁজ নিয়ে জানা যায়, অনেক ভর্তি ফরম কালোবাজারিদের হাতে চলে যাওয়ায় আড়াইশত টাকা মূল্যের ভর্তিফরম ৫ শত টাকারও বেশী মূল্যে বিক্রি হয়েছে। ভর্তি পরীক্ষায় সিরিয়াল এবং 'প্রক্সি' দেওয়ার সুবিধার্থে একশ্রেণীর ছাত্র-ছাত্রীরা এ ফরম ক্রয় করেছে। নগরীর কোচিং সেন্টারগুলোর ব্যবসায়ী ছাড়াও সূর্যসেন হলের ছাত্রদলের একটি গ্রুপ সিরিয়াল অনুযায়ী ভর্তি ফরম বেশী দরে বিক্রি করছে। গত শনিবার সূর্যসেন হলের ছাত্রদলের উক্ত গ্রুপটি এক হাজার ভর্তি ফরম টিএসসির জনতা ব্যাংকের শাখা থেকে ক্রয় করেছে। ব্যাংক কর্মচারীদের যোগসাজশে এ ভর্তি ফরম বিক্রি হয়েছে বলে জানা যায়। আগামী ১১ জানুয়ারী 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা, ১৮ জানুয়ারী 'খ' ইউনিটের, ২৫ জানুয়ারী 'ক' ইউনিটের এবং ১লা ফেব্রুয়ারী 'ঘ' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে।